অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো প্রথমবারের মতো জাতীয় রিকভারি ট্যাক্স ক্রেডিট (RECOVERY TAX CREDIT) কর্মসূচিসহ 2020 অর্থ বছরের অনুমোদিত বাজেট ঘোষণা করেছেন

এই কর্মসূচি নিবন্ধিত নিয়োগকারীদের বিভিন্ন কর প্রণোদনা সরবরাহ করে যারা পূর্ণ অথবা খণ্ডকালীন কাজ করতে গিয়ে বিভিন্ন বস্তুর ব্যবহারের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছেন

নিয়োগকর্তাদের পুনরুদ্ধারকৃত প্রত্যেক ব্যক্তির জন্য 2,000 মার্কিন ডলার পর্যন্ত ঋণ পাওয়ার সুযোগ দেয়

গভর্নর কুওমো আজ প্রথমবারের মতো জাতীয় রিকভারি ট্যাক্স ক্রেডিট (Recovery Tax Credit) কর্মসূচিসহ 2020 অর্থ বছরের অনুমোদিত বাজেট ঘোষণা করেছেন, যা নিবন্ধিত নিয়োগকারীদের বিভিন্ন কর প্রণোদনা সরবরাহ করে যারা পূর্ণ অথবা খণ্ড-কালীন কাজ করতে গিয়ে বিভিন্ন বস্তুর ব্যবহারের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছেন। 2020 সালে শুরু হওয়া, এই কর্মসূচিটিতে বার্ষিক ভিত্তিতে 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দ করা হবে, নিয়োগকর্তারা নিয়োগকৃত প্রত্যেক যোগ্য ব্যক্তির জন্য সর্বাধিক 2,000 মার্কিন ডলার পাবেন। ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স (Department of Taxation and Finance)-এর সাথে নিউ ইয়র্ক স্টেটের অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সার্ভিসেস অফিস (Office of Alcoholism and Substance Abuse Services, OASAS) একত্রে কর্মসূচিটি পরিচালনা করবে।

"যেহেতু আফিম (Opioid) মহামারী পুরো স্টেটজুড়ে পরিবার ও কমিউনিটিগুলিকে প্রভাবিত করে চলেছে, তাই আমরা সুস্থ জীবন যাপন করতে যাদের এই সহায়তায় পুনরুদ্ধারের প্রয়োজন তাদের সহায়তা করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হয়েছি", **গভর্নর কুওমো বলেন।** "এই ট্যাক্স উদ্দীপনা আসক্তির কলঙ্ক দূর করতে সহায়তা করবে এবং এই রোগের সাথে যারা লড়াই করছেন তাদের পুনরুদ্ধারের জন্য স্থিতিশীল এবং স্থায়ী পথ তৈরি করা নিশ্চিত করবে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "সিনেটের সর্বাধিক সদস্য আফিম সংকট এবং মাদকদ্রব্য অপব্যবহারের বিরুদ্ধে যুদ্ধ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আসক্তিকে পরাস্ত করার জন্য সংগ্রামরত ব্যক্তিদের অর্থপূর্ণ কর্মসংস্থান এবং কর্ম-ক্ষেত্রে পুনরায় প্রবেশের জন্য সহায়তা করা তাদের পুনরুদ্ধারের জন্য অতীব গুরুত্বপূর্ণ। আমি এই প্রচেষ্টা এবং তার পুনরুদ্ধারের পথে নিউ ইয়র্কের বাসিন্দাদের সাহায্য করার জন্য অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সংক্রান্ত কমিটি (Committee on Alcoholism and Substance Abuse)-এর সভাপতি সিনেটর পিট হার্থামকে ধন্যবাদ জানাই।"

"নিউ ইয়র্কের সকল বাসিন্দাদের ভালো বেতনের চাকরি এবং আমাদের শক্তিশালী কর্মীদের অংশ হওয়ার সুযোগ পাওয়া উচিত", **নিউ ইয়র্ক স্টেটের হেরোইন ও আফিমজাতীয় মাদকদ্রব্য অপব্যবহার টাস্কফোর্স (NYS Heroin and Opioid Abuse Task Force)-এর সহ-সভাপতি লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই ট্যাক্স ক্রেডিট নিয়োগকারীদেরকে যারা পুনরুদ্ধারে চেষ্টারত সেই সমস্ত ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ দানে সাহায্য করবে। আসক্ত ব্যক্তি এবং তাদের সঙ্কটে পতিত পরিবারের সদস্যদের জন্য সমান সুযোগ থাকা উচিত এবং সুস্থ ও সমৃদ্ধ জীবনযাপন করতে তাদের প্রয়োজনীয় সম্পদ ও সহায়তা থাকতে হবে। এই রিকভারি ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম (Recovery Tax Credit Program)-টি আমাদের আফিম মহামারী প্রতিরোধে এবং নিউ ইয়র্কের বাসিন্দাদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে আমাদের প্রচেষ্টার অংশ।"

রিকভারি ট্যাক্স ক্রেডিট ন্যূনতম 500 ঘন্টার কাজ করেছে এমন প্রত্যেক যোগ্য ব্যক্তির জন্য নিয়োগকর্তা 2,000 মার্কিন ডলার পর্যন্ত ট্যাক্স ক্রেডিট সুবিধা প্রদান করবে। ব্যবসা এবং স্থানীয় কমিউনিটিগুলিতে পুনরুদ্ধার ভিত্তিক সংস্কৃতি তৈরির পাশাপাশি, এই ট্যাক্স ক্রেডিটকে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির মাধ্যমে স্টেটজুড়ে প্রবৃদ্ধি উৎসাহিত এবং ত্বরান্বিত করার জন্য নকশা করা হয়েছে।

একজন নিয়োগকর্তা যিনি একটি পুনরুদ্ধার-সহায়ক পরিবেশ সরবরাহ করেন এবং অন্যথায় কর্মসূচির শর্তাবলি পূরণ করেন তাকে অবশ্যই পূর্ববর্তী ক্যালেন্ডার বছরে নিযুক্ত যোগ্য ব্যক্তিদের ক্রেডিট দাবি করতে অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সার্ভিসেস অফিস-এ প্রতি বছর আবেদন করতে হবে। 2020 কর বর্ষে নিয়োগপ্রাপ্ত যোগ্য ব্যক্তিবর্গের জন্য, কর্মসূচিটির প্রথম বছরের আবেদনের শেষ সময় 15 জানুয়ারি 2021।

অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সার্ভিসেস অফিস-এর কমিশনার আর্লিন গঞ্জালেস-সানচেজ বলেন, "স্থায়ী কর্মসংস্থান সফল পুনরুদ্ধারের জন্য অত্যাবশ্যক হতে পারে। এই কর্মসূচির মাধ্যমে, পুনরুদ্ধারের সংগ্রামে লিপ্ত লোকেদের তাদের জীবন পুনর্নির্মাণের আরেকটি উপায় থাকবে, একইসাথে নিয়োগকর্তাদের তাদের কর্মীদের এবং কমিউনিটির পুনরুদ্ধার এবং সুবিধার জন্য অবদান রাখার সুযোগ থাকবে।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স (Department of Taxation and Finance)-এর এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার অ্যান্ড্রু মরিস বলেন, "এই ট্যাক্স ক্রেডিট নিউ ইয়র্কের বাসিন্দাদের এবং যেসব নিয়োগকর্তা নিজেদের সাফল্যে অবদান রাখতে আগ্রহী দক্ষ কর্মীদের নিয়ে কর্মশালাকে জোরদার করতে চান তাদের পুনরুদ্ধারের জন্য একটি পারস্পরিক লাভজনক ব্যবস্থা। আমরা ব্যবসাসমূহকে এই মূল্যবান প্রণোদনার সুযোগ গ্রহণের জন্য উৎসাহিত করার পাশাপাশি সেই সকল ব্যক্তিকে আসক্তি থেকে মুক্ত হয়ে এই কলঙ্কিত চক্র ভেঙ্গে দিতে সহায়তা করছি। আমি প্রশংসনীয় কাজে সহায়তা করার জন্য গভর্নর কুওমোর প্রশংসা করি।"

অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সংক্রান্ত সিনেট কমিটি (Senate Committee on Alcoholism and Substance Abuse)-এর সভাপতি সিনেটর পিট হার্থাম বলেন, "মাদকাসক্তির কলঙ্ক অনেক নিয়োগকর্তাকে আরোগ্যমূলক দ্রব্যাদির অপব্যবহারকারীদেরকে নিয়োগ করা থেকে বিরত

রাখে যা তাদের আরোগ্যলাভের প্রক্রিয়াকে অধিকতর জটিল করে তোলে। এই উদ্ভাবনীমূলক রিকভারি ট্যাক্স ক্রেডিট (Recovery Tax Credit) কর্মসূচি সেই সকল ব্যক্তিকে স্থিতিশীল কর্মসংস্থান প্রদান করতে সহায়তা করবে – তাদের জীবনের মোড় ঘোরানো অব্যাহত রাখতে এবং আসক্তির বেড়াজাল ভাঙ্গতে যেটি তাদের সবচেয়ে বেশি প্রয়োজন।"

সিনেটর বেটি লিটল বলেন, "আরোগ্যলাভের প্রক্রিয়ায় থাকা ব্যক্তিদেরকে জানতে হবে যে তাদের মূল্যায়ন করা হয় এবং আত্মবিশ্বাস রয়েছে এবং নিশ্চিতভাবেই এর বড় একটি অংশ হলো একটি চাকরি পাওয়া। একজন প্রবক্তা হিসেবে আমি এই বছরের বাজেটে এই 'দেশের মধ্যে সর্বপ্রথম' ট্যাক্স ক্রেডিট অন্তর্ভুক্ত হতে দেখে আনন্দিত। যে সকল ব্যক্তি তাদের আসক্তি কাটিয়ে উঠছে তাদেরকে নিজেদের পায়ে দাঁড়াতে এবং সামনে অগ্রসর হতে সহায়তা করার জন্য এটি একটি ইতিবাচক ও বাস্তবসম্মত উদ্যোগ।"

অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সংক্রান্ত অ্যাসেম্বলি কমিটি (Assembly Committee on Alcoholism and Drug Abuse)-এর সভাপতি, অ্যাসেম্বলিমেম্বার লিন্ডা রোসেনথ্যাল বলেন, "তারপরও কলঙ্ক মানুষকে মাদকদ্রব্য ব্যবহারের সমস্যায় জড়িত হতে প্ররোচিত করছে এবং এই সকল পক্ষপাতদুষ্টতা প্রায়শই আরোগ্যলাভের প্রক্রিয়ায় থাকা লোকদের কর্মশক্তিতে ফিরে যাওয়া কঠিন করে তোলে। রিকভারি ট্যাক্স ক্রেডিট সেই বাধাটিকে ভেঙ্গে ফেলতে সহায়তা করবে যা আরোগ্যলাভের প্রক্রিয়ায় থাকা ব্যক্তিদের সাথে কর্মসংস্থানের সুযোগসমূহের একটি সেতুবন্ধন তৈরি করবে।"

অ্যাসেম্বলিমেম্বার বিলি জোনস বলেন, "মাদকাসক্তি কাটিয়ে ওঠার পথে তাদের যাত্রা শুরু করার সাহসী সিদ্ধান্ত গ্রহণকারী যেকোনো ব্যক্তিকে উৎসাহিত করতে হবে এবং এই পথের সকল ধাপে সহায়তা করতে হবে। এই ট্যাক্স ক্রেডিট নিউ ইয়র্কের মাদকাসক্তি থেকে আরোগ্যলাভের পথে থাকা বাসিন্দাদেরকে কাজে ফেরত আসার সুযোগ দেয় যাতে তারা তাদের জীবনের একটি নতুন, ইতিবাচক অধ্যায় শুরু করতে পারে। আরোগ্যলাভের প্রক্রিয়ায় স্থিতিশীল কর্মসংস্থান অর্জনের মাধ্যমে মানুষের জন্য তাদের আরোগ্যলাভের সম্ভাবনা আরও জোরদার হবে এবং তারা একটি সংযমী, স্বাস্থ্যকর জীবনধারা বজায় রাখবে।"

দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর কুওমো আফিমজাতীয় মাদকদ্রব্যের মহামারী রোধ করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেঁচে নিয়েছেন এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবাসহ আসক্তি সেবার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছেন। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, গভর্নর প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্পের পাশাপাশি ওষুধ প্রয়োগ-সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

2016 সালে, গভর্নর কুওমোর হেরোইন টাস্ক ফোর্স (Heroin Task Force) নতুন, প্রথাগত নয় এমন সেবা সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার সেবা, সপ্তাহে 7 দিন এবং দিন-রাত 24 ঘন্টা খোলা থাকে এমন কেন্দ্র যা তাৎক্ষণিক মূল্যায়ন

এবং সেবা প্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

মানুষ যাতে আরও দ্রুত চিকিৎসা পেতে পারে সেই জন্য গভর্নর বীমা সীমাবদ্ধতা বাতিল, আফিমজাত প্রেসক্রিপশনের সময় 30 দিন থেকে সাত দিনে কমিয়ে আনা, প্রেসক্রাইবারদের প্রশিক্ষণ ও শিক্ষার উন্নতি আইনসম্মত করাসহ উন্নত সংবিধানিক ও নিয়ন্ত্রক আইন সংশোধন করেছেন। এছাড়াও রোগী নিয়ে দালালি এবং আসক্তির ভুয়া চিকিৎসার বিরুদ্ধেও গভর্নর কুওমো পদক্ষেপ নিয়েছেন।

এছাড়াও গভর্নর ন্যালোক্সন প্রশিক্ষণ ও সহজলভ্যতা বৃদ্ধি করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের 300,000 এরও বেশি মানুষ আফিমজাত ওভারডোজ বিরোধ ওষুধ দিয়ে প্রশিক্ষিত ও সজ্জিত হচ্ছে। গভর্নর কুওমোর পদক্ষেপের কারণে, নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিগুলি এখন প্রেসক্রিপশন ছাড়াই ন্যালোক্সন দিতে পারছে।

নিজে বা নিজের কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এমন পরিস্থিতিতে নিউ ইয়র্কের বাসিন্দারা সাহায্য ও প্রত্যাশা খুঁজে পেতে পারেন স্টেটের টোলমুক্ত হোপলাইন 1-877-8-HOPENY (1-877-846-7369)-এ ফোন করে বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369)- এ টেক্সটবার্তা পাঠিয়ে, লাইনটি সপ্তাহে 7 দিন এবং দিন-রাত 24 ঘন্টা খোলা থাকবে।

FindAddictionTreatment.ny.gov এ নিউ ইয়র্ক স্টেটের অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সার্ভিসেস অফিস-এর চিকিৎসা প্রাপ্তি ড্যাশবোর্ড ব্যবহার করে অথবা NYS OASAS-এর ওয়েবসাইট এর মাধ্যমে সঙ্কট/ডিটক্স, ইনপেশেন্ট, কমিউনিটির বাসিন্দা বা আউটপেশেন্টের যত্নসহ আসক্তির চিকিৎসা পাওয়া যাবে। আসক্তির লক্ষণ সম্পর্কে আরও জানতে, কীভাবে সাহায্য পেতে হয় তা দেখার জন্য, এবং প্রিয়জন ও কমিউনিটির সাথে আসক্তি নিয়ে কথোপকথন চালানোর জন্য প্রয়োজনীয় উপকরণ পেতে ভিজিট করুন CombatAddiction.ny.gov। অ্যালকোহল বা মাদক ব্যবহার প্রতিরোধ করার ব্যাপারে তরুণ কারো সাথে কথা বলার সাহায্যকারী উপকরণ পেতে, স্টেটের টক2প্রিভেন্ট (Talk2Prevent) ওয়েবসাইট ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন